যুগান্তর

তারিখ 16 JAN 2013
পৃষ্ঠা ৩ কলাম ৩

নীলক্ষেতে জাল সার্টিফিকেটের রমরমা ব্যবসা চলছে

মনিরুজ্জামান উজ্জ্বল

রাজধানীর নীলক্ষেত মার্কেটে জাল সার্টিফিকেটের রমরমা ব্যবসা চলছে। কম্পিউটারের মাধ্যমে মাত্র কয়েক ঘণ্টার মধ্যে স্কুল, কলেজ, মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ইউনিভার্সিটিসহ নানা ধরনের সার্টিফিকেট হুবহু তৈরি হচ্ছে। মূল সার্টিফিকেট থেকে সাল-রেজিস্ট্রেশন ও রোল নম্বর ঠিক রেখে নাম, পিতার নাম বদলে দেয়া হচ্ছে। অনুসন্ধানে জানা গেছে, বর্তমানে বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজসহ নানা শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষাকে সামনে রেখে বহু ভুয়া ছাত্রছাত্রী জাল সার্টিফিকেট সংগ্রহ করতে নীলক্ষেতের বিভিন্ন কম্পিউটার প্রতিষ্ঠানে ভিড় জমাচ্ছে। এ সুযোগে কম্পিউটার চালনায় পারদর্শী অসৎ ব্যবসায়ীরা জাল সার্টিফিকেটের বিনিময়ে হাজার হাজার টাকা কামিয়ে নিচ্ছে। নীলক্ষেতের একাধিক সূত্র ও সরেজমিন অনুসন্ধানে

জানা গেছে, এসব জাল সার্টিফিকেট সর্বনিম্ন এক হাজার টাকা থেকে সর্বোচ্চ ১৫/২০ হাজার টাকা পর্যন্ত বিক্রি হচ্ছে। থানা, ডিবি পুলিশসহ বিভিন্ন গোয়েন্দা সংস্থাকে খবরা দিয়ে এই অবৈধ ব্যবসা চলছে বলে অভিযোগ পাওয়া গেছে।

রাজধানীর নীলক্ষেতের কয়েকটি মার্কেটে তিন শতাধিক কম্পিউটার, ফটোকপিয়ার, টেলিফোন, ফ্যাক্স ও ইন্টারনেটের দোকান রয়েছে। এগুলোর মধ্যে ৮/১০টি প্রতিষ্ঠান এসব অপকর্মে লিপ্ত রয়েছে। জাল সার্টিফিকেট পেতে হলে দালাল ধরতে হয়। জানা গেছে, দালালরা সার্টিফিকেটের জন্য যারা আসে তাদেরকে নিকটাত্মীয় কারও মূল সার্টিফিকেট সঙ্গে নিয়ে আসতে বলে। দরকষাকষি শেষে মূল্য নির্ধারণের পর দালাল কাস্টমারকে একটা নির্দিষ্ট সময়ে আসতে বলে। টাকা হলেই এখানে সব ধরনের সার্টিফিকেট পাওয়া যায়।